অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/14/2023 **গভর্নর ক্যাথি হোকল**

NY ফরোয়ার্ড কর্মসূচির প্রথম রাউন্ডে সেন্ট্রাল নিউ ইয়র্কে ফিনিক্স, মোরাভিয়া ও হ্যামিল্টন ভিলেজের বিজয়ী হওয়া সম্পর্কে গভর্নর হোকলের ঘোষণা

ফিনিক্স ভিলেজ 4.5 মিলিয়ন ডলার; মোরাভিয়া ভিলেজ এবং হ্যামিল্টন ভিলেজের প্রত্যেকে 2.25 মিলিয়ন ডলার অনুদান পাবে

নিউ ইয়র্কের ছোট এবং গ্রামীণ সম্প্রদায়ের জন্য আরও ন্যায়সঙ্গত শহরতলির পুনরুদ্ধারকে সমর্থন করার জন্য সফল ডাউনটাউন রিভাইটলাইজেশন ইনিশিয়েটিভের গতিত উপর ভিত্তি করে নতুন 100 মিলিয়ন ডলারের NY ফরওয়ার্ড প্রোগ্রাম তৈরি করে

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে NY ফরোয়ার্ড (NY Forward)-এর প্রথম রাউন্ডে সেন্ট্রাল নিউ ইয়র্ক অঞ্চলের বিজয়ী হিসেবে ফিনিক্স ভিলেজ 4.5 মিলিয়ন ডলার এবং মোরাভিয়া ভিলেজ ও হ্যামিল্টন ভিলেজ প্রত্যেকে 2.25 মিলিয়ন ডলার তহবিল লাভ করবে। স্টেটের সফল ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের (Downtown Revitalization Initiative,, DRI) গতিবেগের উপর ভিত্তি করে গঠিত 100 মিলিয়ন মার্কিন ডলারের NY ফরোয়ার্ড (NY Forward) কর্মসূচিটি ক্ষুদ্রতর ও গ্রামীণ সম্প্রদায়সমূহের জন্য আরো সমতার ডাউনটাউন পুনরুদ্ধারের সমর্থন করার জন্য DRI এর মতো একই "পরিকল্পনা-তারপর-বাস্তবায়ন" কৌশল গ্রহণ করে। NY ফরোয়ার্ড রাউন্ড একের অংশ হিসেবে স্টেটের দশটি অর্থনৈতিক অঞ্চলের প্রতিটির ক্ষুদ্রতর সম্প্রদায়সমূহে বিকাশ সমর্থনে এবং তাদের ডাউনটাউন পুনরুজ্জীবনের একটি পরিকল্পনা বাস্তবায়নে দুই থেকে তিনটি অনুদান প্রদান করা হবে।

"নিউ ইয়র্কের ডাউনটাউনগুলো আমাদের কমিউনিটি ও অঞ্চলগুলোর প্রাণকেন্দ্র, এবং NY ফরোয়ার্ড নিশ্চিত করবে যে ফিনিক্স, মোরাভিয়া, ও হ্যামিল্টন যাতে সমৃদ্ধি ও সাফল্য অর্জনের জন্য তাদের প্রয়োজনীয় সংস্থানসমূহ পেতে পারে," **বলেছেন গভর্নর হোকল।**. "এই তহবিল কমিউনিটিগুলোকে হেঁটে চলাচলের জন্য আরো বেশি উপযুক্ত করে তোলা, নতুন আবাসন সুযোগ-সুবিধা তৈরি করা, এবং ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে আকৃষ্ট করার মাধ্যমে এসব ভিলেজকে পুনরুজ্জীবিত করে সেগুলোর একসময়ের ব্যস্ত এলাকার রূপে ফিরিয়ে নিয়ে যাবে।"

NY ফরোয়ার্ড স্টেটের অর্থনৈতিক উন্নয়ন প্রচেষ্টার একটি কেন্দ্রীয় উপাদান, যেটি নিউ ইয়র্কের ডাউনটাউনগুলোর পুনরুজ্জীবিতকরণ ত্বরান্বিত করা ও সম্প্রসারণ করার জন্য DRI-এর সাথে

একসঙ্গে কাজ করছে। NY ফরোয়ার্ড এমন ক্ষুদ্রতর সম্প্রদায়ের জন্য কাজ করে যাদের ঐতিহাসিক চরিত্র তাদেরকে সাধারণত DRI এর মাধ্যমে তহবিল পাওয়া বৃহত্তর, আরো শহুরে কেন্দ্রীয় ব্যবসা জেলার থেকে পৃথক করে। NY ফরোয়ার্ড কর্মসূচির আওতাভুক্ত কমিউনিটিগুলো হেঁটে চলাচলের উপযুক্ত, অপেক্ষাকৃত কম ঘনবসতিপূর্ণ এলাকা যেগুলো সংলগ্ন স্থানীয় কমিউনিটিকে সেবা প্রদান করে, এবং অধিকতর স্থানীয় প্রকৃতির - যেগুলো আশেপাশের এলাকার আবাসিক বা গ্রামীণ কৃষিকেন্দ্রিক উন্নয়নের প্রতি জোর দেয়।

DRI-এর মতো, প্রতিটি NY ফরোয়ার্ড সম্প্রদায় একটি কৌশলগত বিনিয়োগ পরিকল্পনা তৈরি করবে যাতে সহজেই বাস্তবায়নযোগ্য প্রকল্পগুলির সংগ্রহের মাধ্যমে তার শহরতলিকে পুনরুজ্জীবিত করা যায়। NY ফরোয়ার্ড কর্মসূচির অংশ হিসেবে স্টেট বিভাগ (Department of State) অপেক্ষাকৃত কম সক্ষমতাসহ ক্ষুদ্রতর সম্প্রদায়গুলিকে আরো ভালোভাবে সমর্থন করার জন্য তাদের উন্নত কারিগরি সহায়তা প্রদান করবে এবং প্রত্যেক সম্প্রদায়ের আকারের উপর ভিত্তি করে যথাযথ প্রকল্পসমূহের অর্থায়ন করবে। প্রকল্পসমূহের মধ্যে ভবন সংস্কার ও পুনর্গঠন, নতুন বা উন্নত সরকারি স্থান নতুন করে নির্মাণ বা তৈরি করা এবং ছোট শহরের আকর্ষণকে বৃদ্ধি করে এমন বিশেষ সাংস্কৃতিক, ঐতিহাসিক গুণকে বর্ধিত করে এমন অন্যান্য প্রকল্প।

ফিনিক্স

ফিনিক্স ভিলেজ অসওয়েগো নদীর অসওয়েগো ক্যানেলের লক 1 কেন্দ্রিক 19 শতকের ইতিহাস ও বৈশিষ্ট্য নিয়ে সমৃদ্ধ একটি ক্যানেল কমিউনিটি। ফিনিক্সের ক্যানেল ওয়াটারফ্রন্ট ডিস্ট্রিক্টকে কেন্দ্র করে NY ফরোয়ার্ড কর্মসূচির তহবিল কাজে লাগানো হবে। সামঞ্জস্যপূর্ণ ভবন ও উন্মুক্ত স্থানের নকশা বাস্তবায়নের অঙ্গীকারাবদ্ধতার পাশাপাশি এটির ক্যানেলের ইতিহাসকে বরণ করে নেওয়া এবং অব্যাহত অর্থনৈতিক উন্নয়নের উদ্যোগগুলো বাস্তবায়নের মাধ্যমে ফিনিক্স এটির পুনরুজ্জীবিতকরণের রূপকল্পকে বাস্তবে রূপ দিতে চায়। এই ভিলেজের লক্ষ্য হলো ভবনগুলোতে পুনর্বিনিয়োগ করা এবং লক 1-এর ওসওয়েগো ক্যানেল সংলগ্ন এক সময়ের সমৃদ্ধশীল ক্যানেল কমিউনিটিকে পুনরায় গড়ে তোলার মাধ্যমে ক্যানেল ওয়াটারফ্রন্ট ডিস্ট্রিক্টে এবং ভিলেজ জুড়ে লভ্য থাকা অর্থনৈতিক, আবাসিক ও চিত্তবিনোদনমূলক সুযোগ-সুবিধা বৃদ্ধি করা। এসব নতুন ও সম্প্রসারণকৃত ব্যবসা প্রতিষ্ঠানগুলো, সাশ্রয়ী আবাসন এবং ওয়াটারফ্রন্টের পরিবেশ দেশজুড়ে বিভিন্ন স্থানের মানুষকে এই ভিলেজের ক্যানেলকেন্দ্রিক স্বতন্ত্র পরিবেশের প্রতি আকৃষ্ট করবে।

মোরাভিয়া

সমৃদ্ধ ইতিহাস এবং ছোট-শহরের বৈশিষ্ট্যসম্পন্ন মোরাভিয়ার লক্ষ্য হলো একটি সমৃদ্ধশীল ডাউনটাউন গড়ে তোলা যা কমিউনিটিকে সহায়তা করবে এবং টেকসই প্রবৃদ্ধির প্রসার ঘটানোর পাশাপাশি এটির প্রাকৃতিক সম্পদগুলো সুরক্ষিত রাখবে এবং এটির নাগরিকদের স্বাস্থ্য ও নিরাপত্তা নিশ্চিত করবে। ভিলেজটি একটি উপত্যকায় অবস্থিত, যেটির চারপাশে রয়েছে সুদূর বিস্তৃত কৃষিজমি ও বনাঞ্চল এবং এটি ওয়াস্কো লেকের দক্ষিণ প্রান্ত থেকে স্বল্প দূরত্বে অবস্থিত। তিনটি মাঝারি-আকারের আরবান সেন্টারের মাঝখানে কৌশলগত অবস্থানে থাকে মোরাভিয়ার ডাউনটাউন শুধু এই ভিলেজেই নয়, বরং আশেপাশের কয়েকটি গ্রামীণ টাউনের জন্য ব্যবসায়িক ও সামাজিক কার্যক্রমের কেন্দ্র হিসেবে কাজ করে। মোরাভিয়ার রূপকল্প হচ্ছে দক্ষিণ কায়ুগা

কাউন্টির জন্য গুরুত্বপূর্ণ পরিষেবাসমূহের একক সরবরাহকারী হয়ে উঠা এবং ভিলেজটি ব্যবসায়িক, সাংস্কৃতিক ও চিত্তবিনোদনমূলক প্রবৃদ্ধির সুযোগ-সুবিধা উন্নত করতে চায়।

হ্যামিল্টন
হ্যামিল্টন হচ্ছে গ্রামীণ ওয়ার্কিং ল্যান্ডস্কেপ দিয়ে পরিবেষ্টিত একটি ক্ষুদ্র আরবার সেন্টারের বৈশিষ্ট্যসম্পন্ন একটি নিবিড়, হেঁটে চলাচলের উপযুক্ত ভিলেজ। হ্যামিল্টনের ঐতিহাসিক ডাউনটাউন 1890 এর দশকের স্থাপত্যের অনেকগুলো সুসংরক্ষিত দৃষ্টান্তের কারণে ঐতিহাসিক স্থানসমূহের জাতীয় রেজিস্টারে তালিকাভুক্ত রয়েছে। এটির বাণিজ্যিক ডিস্ট্রিক্ট আকারে ছোট, কিন্তু স্থানীয় মালিকানাধীন অনন্য সব ব্যবসা প্রতিষ্ঠান দিয়ে পরিপূর্ণ, এবং ভিলেজের সবুজ স্থানটিতে প্রতি বছর মে মাস থেকে অক্টোবর মাস পর্যন্ত হ্যামিল্টন ফার্মার্স মার্কেট গড়ে উঠে, যেটি ম্যাডিসন ও শেনাঙ্গো কাউন্টি থেকে 40টিরও বেশি ভেন্ডরকে আকৃষ্ট করে থাকে। হ্যামিল্টনের NY ফরোয়ার্ড কর্মসূচির আওতাভুক্ত এলাকা হ্যামিল্টন ভিলেজের সীমানার মধ্যে অবস্থিত, যেখানে বেশিরভাগ প্রকল্প ঐতিহাসিক ডাউনটাউন সেন্টার এলাকার মধ্যে পড়েছে। সেন্ট্রাল নিউ ইয়র্কের হাজার হাজার গ্রামীণ অধিবাসীর জন্য বাণিজ্যিক কেন্দ্র এবং কোলগেট বিশ্ববিদ্যালয়ের (Colgate University) শিক্ষার্থীদের ঠিকানা হিসেবে ভূমিকা রাখা হ্যামিল্টন শিক্ষার্থীদেরকে গ্র্যাজুয়েশন পরবর্তী সময়ে এই ভিলেজে অবস্থান করতে উৎসাহিত করতে চায়, নতুন তরুণ পেশাজীবী ও পরিবারগুলোকে আকৃষ্ট করতে চায় এবং বিদ্যমান অধিবাসীদেরকে এক জায়গায় থেকে বেড়ে উঠার সুযোগ দিতে চায়। হ্যামিল্টনের লক্ষ্য হলো আবাসনের সুযোগ-সুবিধা সম্প্রসারণ করা, সিভিক স্পেস তৈরি করা, এবং ব্যবসায়িক উন্নয়ন, শিল্প, সংস্কৃতি ও চিত্তবিনোদন উন্নত করা।

সেক্রেটারি অব স্টেট রবার্ট জে. রডরিগেজ বলেন, "আমরা জানি যে আমরা যখন আমাদের কমিউনিটিগুলোতে বিনিয়োগ করি তখন সেগুলো সমৃদ্ধ হতে থাকে, এবং আমাদের নতুন কর্মসূচি, NY ফরোয়ার্ড, আমাদের অপেক্ষাকৃত ক্ষুদ্র, অধিকতর গ্রামীণ কমিউনিটিগুলোর জন্য ঠিক সেই কাজটি করছে। এই কর্মসূচির মাধ্যমে প্রদানকৃত অতি গুরুত্বপূর্ণ বিনিয়োগগুলো ফিনিক্স, মোরাভিয়া এবং হ্যামিল্টন ভিলেজকে তাদের ডাউনটাউন এলাকাগুলো ব্যাপকভাবে উন্নত করতে এবং একইসাথে ভিলেজগুলোকে স্বতন্ত্র বৈশিষ্ট্যের অধিকারী করে তোলা ছোট-শহরের প্রকৃত আকর্ষন ও অনুভূতি রক্ষা করতে সাহায্য করবে। ভবিষ্যতে এসব কমিউনিটির অগ্রগতি দেখার জন্য আমি অধীর আগ্রহ নিয়ে অপেক্ষা করছি।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) প্রেসিডেন্ট, CEO ও কমিশনার হোপ নাইট বলেন, "NY ফরোয়ার্ড উদ্যোগটি নিউ ইয়র্ক স্টেটজুড়ে গর্বিত গ্রামীণ কমিউনিটিগুলোর পুনরুজ্জীবিতকরণে সহায়তা করার জন্য তৈরি করা হয়েছে। এসব অনুদানের সুবাদে, ফিনিক্স, মোরাভিয়া এবং হ্যামিল্টন ভিলেজ তাদের ডাউনটাউনের জন্য আরো বেশি উজ্জ্বল একটি ভবিষ্যতের দিকে এগিয়ে যাচ্ছে, এবং ভবিষ্যত প্রজন্মগুলোর জন্য ভিলেজগুলোর প্রাণচাঞ্চল্য ও অর্থনৈতিক প্রবৃদ্ধি ত্বরান্বিত করছে।"

হোমস এন্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal)-এর কমিশনার রুথ-অ্যান ভিসনাউকাস বলেন, "NY ফরোয়ার্ড কর্মসূচি টার্গেটকৃত বিনিয়োগের মাধ্যমে অপেক্ষাকৃত ক্ষুদ্র কমিউনিটিগুলোকে নিজের পূর্ণ সম্ভাবনা কাজে লাগানোর সক্ষমতা প্রদান

করবে। আজ ঘোষণা করা এই তহবিল সেন্ট্রাল নিউ ইয়র্কের ফিনিক্স, মোরাভিয়া এবং হ্যামিল্টন ভিলেজকে নতুন আবাসন ও অর্থনৈতিক সুযোগ-সুবিধা উন্নয়ন করা, অবকাঠামো উন্নত করা এবং সমগ্র অঞ্চলকে উপকৃত করবে এমন স্মার্ট প্রবৃদ্ধি নিয়ে আসার সুযোগ করে দিবে।"

সেন্ট্রাল নিউ ইয়র্ক আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিলের (Central New York Regional Economic Development Council) কো-চেয়ার র‍্যান্ডি ওলকেন, সেন্ট্রাল নিউ ইয়র্কের ম্যানুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশনের (Manufacturers Association of Central New York) প্রেসিডেন্ট ও CEO এবং লে ময়েন কলেজের প্রেসিডেন্ট লিন্ডা এম. লেমুরা বলেন, "ফিনিক্স, মোরাভিয়া এবং হ্যামিল্টন সত্যিকার অর্থেই সেন্ট্রাল নিউ ইয়র্ক অঞ্চলের ক্ষুদ্রতর কমিউনিটিগুলোর সমস্ত ভালো দিক এবং তাদের অফার করা সবকিছুর প্রতিনিধিত্ব করে। এসব সৌন্দর্যমন্ডিত কমিউনিটির পুনরুজ্জীবিতকরণ এগিয়ে নিতে সাহায্য করার মাধ্যমে আগামী বছরগুলোতে কমিউনিটিগুলোর অর্থনৈতিক সুযোগ-সুবিধা ত্বরান্বিত করার প্রয়োজন অনুধাবন করতে পারায় গভর্নর হোকলকে অনেক ধন্যবাদ।"

নিউ ইয়র্ক স্টেট ক্যানেল কর্পোরেশনের (New York State Canal Corporation) ডিরেক্টর ব্রায়ান ইউ. স্ট্র্যাটন বলেন, "ফিনিক্স ভিলেজে কৌশলগত বিনিয়োগের জন্য আমি গভর্নর হোকলকে সাধুবাদ জানাই, যা এমন একটি কমিউনিটি যেখানে একটি শক্তিশালী স্থানের অনুভূতি এবং অসওয়েগো ক্যানেলের সঙ্গে গভীর সংযোগ রয়েছে, এবং NY ফরোয়ার্ড কর্মসূচির সুবাদে যে কমিউনিটি এখন আরো উজ্জ্বল একটি ভবিষ্যত পেতে যাচ্ছে। নিউ ইয়র্কের ক্যানেলগুলো আপস্টেট নিউ ইয়র্কের একটি অর্থনৈতিক চালিকা শক্তি হিসেবে ভূমিকা রাখছে, এবং ফিনিক্স ভিলেজের মতো অনেকগুলো ক্যানেলসাইড কমিউনিটি এসব ঐতিহাসিক জলপথের সঙ্গে তাদের সংযোগ কাজে লাগিয়ে কয়েক প্রজন্ম ধরে সমৃদ্ধ হয়ে উঠেছে। অসওয়েগো ক্যানেলে খুলে দেওয়ার 20 বছর পরে 1848 সালে গড়ে উঠা ফিনিক্স ভিলেজে এই নতুন তহবিলের আগমন ভিলেজটির গর্বিত ইতিহাসের সঙ্গে যোগ হবে এবং পরবর্তী প্রজন্মের অধিবাসী ও দর্শনার্থীদের জন্য এই ভিলেজে একটি রেনেসাঁ নিয়ে আসবে।"

অ্যাসেম্বলিম্যান জেফ গালাহান বলেন, "মোরাভিয়া হচ্ছে কায়ুগা কাউন্টির গেটওয়ে, এবং আমাদের অঞ্চলে NY ফরোয়ার্ড কর্মসূচির তরফ থেকে প্রথম অনুদানপ্রাপ্ত এলাকাগুলোর মধ্যে একটি হিসেবে এটির নির্বাচিত হওয়া যথার্থ হয়েছে। এটি স্থানীয় নেতৃত্বের দলের কঠোর পরিশ্রম ও রূপকল্পের প্রতি একটি স্বীকৃতি, যে দলটি একটি অধিকতর উজ্জ্বল, আরো বেশি সমৃদ্ধ ভবিষ্যত গড়ে তুলতে সাহায্য করার জন্য এসব তহবিল সংগ্রহ করার জন্য আগ্রাসীভাবে কাজ করে গেছে।"

অ্যাসেম্বলি সদস্য জো অ্যাঞ্জেলিনো বলেন, "স্টেট হ্যামিল্টনকে NY ফরোয়ার্ড তহবিল প্রদান করছে দেখে আমি রোমাঞ্চিত। হ্যামিল্টনের মতো গ্রামীণ কমিউনিটিগুলো নিউ ইয়র্কের প্রাণশক্তি, এবং এগুলোর প্রত্যেকে সরকারের কাছ থেকে বৃহৎ সিটিগুলোর মতো একই স্বীকৃতি পাওয়ার অধিকার রাখে। গভর্নর এই ব্যাপারে একমত পোষণ করছেন দেখে আমি আনন্দিত।"

ফিনিক্সের মেয়র ক্যালেব সুইট বলেন, "ফিনিক্স ভিলেজ সম্ভাবনায় পরিপূর্ণ এবং একটি প্রাণবন্ত ক্যানেল কমিউনিটিতে এটির রূপান্তর সম্পন্ন করার জন্য প্রস্তুত। গভর্নর হোকল এবং

উদ্ভাবনমূলক NY ফরোয়ার্ড কর্মসূচির কল্যাণে, আমরা এখন আমাদের পরিকল্পনাকে বাস্তবে রূপ দিতে পারবো। আমরা একটি কৌশলগত পরিকল্পনা প্রণয়নের প্রত্যাশা রাখি যেটি এই ভিলেজে নতুন ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে আকৃষ্ট করবে, আবাসনের সুযোগ-সুবিধা সম্প্রসারণ করবে, কর্মসংস্থানের হার বৃদ্ধি করবে এবং পর্যটন ও চিত্তবিনোদনমূলক সুযোগ-সুবিধা বৃদ্ধি করবে।"

হ্যামিল্টনের মেয়র রুথ অ্যান লাভলেস বলেন, "NY ফরোয়ার্ড কর্মসুচির এই তহবিল হ্যামিল্টন ভিলেজের জন্য সত্যিকার অর্থেই রূপান্তরমূলক ভূমিকা পালন করবে। আরো বেশি সাশ্রয়ী আবাসন, অর্থনৈতিক সুযোগ-সুবিধা, অ্যাক্সেসযোগ্য সিভিক স্পেস প্রদান করা, এবং অবকাঠামোর উন্নয়ন হ্যামিল্টনকে এখানে আগমনকারী মানুষদের জন্য আরো বেশি অ্যাক্সেসযোগ্য ও সমতাপূর্ণ একটি কমিউনিটিতে পরিণত করবে। ডাউনটাউনের পুনরুজ্জীবিতকরণের জন্য তার চলমান অঙ্গীকারাবদ্ধতার জন্য এবং সব কমিউনিটি যাতে এসব গুরুত্বপূর্ণ তহবিলের অ্যাক্সেস পায় সে বিষয়টি নিশ্চিত করার জন্য, আমরা গভর্নর হোকলের প্রতি কৃতজ্ঞ।"

মোরাভিয়ার মেয়র গ্যারি মালভ্যানি বলেন, "মোরাভিয়া ভিলেজ সংস্কৃতি, ইতিহাস ও গর্বের সম্পদে পরিপূর্ণ নিবিড় একটি কমিউনিটি। সুগঠিত পরিকল্পনার নীতিমালা এবং একটি রূপান্তরমূলক রূপকল্প সঙ্গে নিয়ে, আমাদের ভিলেজ আমাদের অফার করা বিষয়গুলো সম্প্রসারণ করতে চলেছে এবং পুরো স্টেটের জন্য পর্যটন ও সামাজিক ক্রিয়াকলাপের একটি গন্তব্যস্থল হয়ে উঠতে যাচ্ছে। NY ফরোয়ার্ড কর্মসূচির এই তহবিল আমাদের লক্ষ্যসমূহ অর্জন করতে আমাদেরকে সাহায্য করবে, এবং আমাদের মতো ক্ষুদ্রতর কমিউনিটিগুলোতে ডাউনটাউনের পুনরুজ্জীবিতকরণের জন্য তার উদ্ভাবনমূলক কর্মপ্রচেষ্টার জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই।"

সেন্ট্রাল নিউ ইয়র্কের আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিল এই অঞ্চলের কমিউনিটিগুলোর জমা দেয়া প্রস্তাবগুলোর একটি পুঙ্খানুপুঙ্খ ও প্রতিযোগিতামূলক পর্যালোচনা প্রক্রিয়া সম্পন্ন করেছে এবং এসব কমিউনিটি সম্পর্কে সুপারিশ করার আগে নিচের সবগুলো শর্ত বিবেচনা করেছে:

- ডাউনটাউনটি সুনির্দিষ্ট পরিসীমা-বিশিষ্ট ও নিবিড়ভাবে বিন্যস্ত হতে হবে;
- ডাউনটাউনটি পূর্বের বা ভবিষ্যতের বেসরকারি ও সরকারি বিনিয়োগকে সে অঞ্চলে ও তার আশেপাশের অঞ্চলে কাজে লাগাতে সক্ষম;
- ডাউনটাউনের মধ্যে, অথবা ডাউনটাউনের নিকটবর্তী এলাকায় কর্মসংস্থানের সাম্প্রতিক বা আসন্ন বৃদ্ধি ঘটার সুযোগ থাকতে হবে, যা কর্মীদেরকে ডাউনটাউনে আকৃষ্ট করতে পারবে, পুনঃউন্নয়নে সহায়তা করবে এবং টেকসই সমৃদ্ধি বয়ে আনবে;
- ডাউনটাউনটি অবশ্যই সব বয়স, আয়, লিঙ্গ, পরিচয়, সক্ষমতা, গতিশীলতা ও সাংস্কৃতিক পটভূমির মানুষের জন্য একটি আকর্ষণীয় ও প্রাণবন্ত কমিউনিটি হতে হবে;

- মিউনিসিপ্যালিটিকে অবশ্যই ইতোমধ্যে বসবাসের উপযুক্ততা ও জীবনের মান বৃদ্ধি করবে এমন নীতিমালা গ্রহণ করে থাকতে হবে অতবা এমন নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়ন করার সক্ষমতা থাকতে হবে;
- মিউনিসিপ্যালিটি ডাউনটাউনের পুনরুজ্জীবিতকরণের একটি ভিশন এবং কৌশলগত বিনিয়োগ পরিকল্পনায় অন্তর্ভুক্ত করা যেতে পারে এমন প্রকল্প ও উদ্যোগগুলোর একটি প্রাথমিক তালিকা পাওয়া যায় এমন একটি উন্মুক্ত ও শক্তিশালী কমিউনিটির সম্পৃক্ততা প্রক্রিয়া পরিচালনা করে থাকতে হবে;
- মিউনিসিপ্যালিটি এমন রূপান্তরমূলক প্রকল্পগুলোকে শনাক্ত করেছে যেগুলো NY ফরোয়ার্ড তহবিল পেলেই নিকটবর্তী-মেয়াদে বাস্তবায়নের জন্য প্রস্তুত হয়ে যাবে; এবং
- মিউনিসিপ্যালিটির প্রকল্পগুলোর পরিকল্পনা প্রক্রিয়া ও বাস্তবায়ন নিয়ন্ত্রণ করার মতো স্থানীয় সক্ষমতা রয়েছে, যার মধ্যে বরাদ্দপ্রাপ্ত মিউনিসিপ্যাল প্রকল্পগুলোর কন্ট্রাক্টগুলো তদারক করার সক্ষমতাও অন্তর্ভুক্ত রয়েছে।

ফিনিক্স, মোরাভিয়া ও হ্যামিল্টন এখন তাদের ডাউনটাউনগুলোকে পুনরুজ্জীবিত করার জন্য কৌশলগত বিনিয়োগ পরিকল্পনা প্রণয়নের প্রক্রিয়া শুরু করবে। মিউনিসিপ্যাল প্রতিনিধি, সম্প্রদায়ের নেতৃবৃন্দ, ও অন্যান্য স্টেকহোল্ডারদের নিয়ে গঠিত একটি স্থানীয় পরিকল্পনা কমিটি (Local Planning Committee) বেসরকারি খাতের একদল বিশেষজ্ঞ ও স্টেট পর্যায়ের পরিকল্পনাকারীদের সহায়তা নিয়ে এই প্রয়াসের নেতৃত্ব দিবে। কৌশলগত বিনিয়োগের পরিকল্পনা প্রতিটি সম্প্রদায়ের দৃষ্টিভঙ্গির সাথে সামঞ্জস্যপূর্ণ এবং বাস্তবায়নের জন্য প্রস্তুত এমন প্রকল্পগুলি সনাক্ত করার জন্য স্থানীয় সম্পদ এবং সুযোগগুলি পরীক্ষা করবে। কৌশলগত বিনিয়োগের পরিকল্পনা থেকে নির্বাচিত প্রকল্পগুলির জন্য তহবিল প্রদান করা হবে যেগুলির পুনরুজ্জীবন শুরু করার এবং দীর্ঘমেয়াদী বৃদ্ধির জন্য নতুন সুযোগ তৈরি করার সর্বাধিক সম্ভাবনা রয়েছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418